



২৬ জানুয়ারি, ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাল্টি ল্যাংগুয়েজ লার্নিং ইনসিটিউট প্রতিষ্ঠা এবং কারিগরি শিক্ষা কার্যক্রম চালুর প্রস্তাব অনুমোদন

জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ১০২তম সভা আজ ২৬ জানুয়ারি ২০২৫ সকাল ১১.০০টায় একাডেমিক ভবনের সিনেট হল-এ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. এস এম আমানুল্লাহ এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিশ্ববিদ্যালয়ের প্র্যাজুয়েটদের বহুমুখী ও যুগোপযোগী কর্মসংস্থানের লক্ষ্যে স্নাতক (পাস) ও স্নাতক (সম্মান) কোর্সের সাথে কারিগরি শিক্ষা কার্যক্রম ও প্রশিক্ষণ চালু, জাতীয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে Multi Language Learning Institute এবং Innovation and Sustainability Lab (ISL) নামে একটি ল্যাংগুয়েজ ও একটি ভার্চুয়াল ল্যাব প্রতিষ্ঠার সিদ্ধান্ত গৃহীত হয়।

এছাড়া একাডেমিক কাউন্সিল নকল প্রতিরোধের জন্যে ডিগ্রি, অনার্স ও মাস্টার্সের পরীক্ষা কেন্দ্র দুর্গম, পাহাড়ি ও হাওর অঞ্চল ব্যতিত জেলা ও উপজেলা পর্যায়ে রাখা ও ল'পরীক্ষায় নকল প্রতিরোধের বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে আগমীতে কেবল বিভাগীয় শহরের খ্যাতিমান কলেজগুলোতে পরীক্ষা কেন্দ্র নির্ধারণ, নকল প্রতিরোধ ও বিভিন্ন একাডেমিক বিষয়ে আলোচনা ও মতবিনিময়ের জন্য অধ্যক্ষ সমিলন আয়োজন, বিশ্ববিদ্যালয়ের এমফিল, পিইচডি প্রোগ্রামের রেণুলেশন সংশোধন, ২০২১ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় ছেস নম্বর প্রদান, ২০২২ সালের অনার্স ত্যয় বর্ষ ও ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স প্রথম বর্ষ পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারীদের বিষয়ে বিভিন্ন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ, ভর্তি পরীক্ষার বিধান রেখে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির নীতিমালাসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার ফলাফল অনুমোদন করা হয়।

এ সভায় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মোঃ লুৎফুর রহমান, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল ইসলাম, ট্রেজারার অধ্যাপক ড. এ. টি এম জাফরুল আয়ম, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. ফকির রফিকুল আলম, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুলের ডিন (ভারপ্রাপ্ত) ড. মোঃ আশেক কবির চৌধুরী, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ডিন (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোঃ আবুদ্বারদা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, রেজিস্ট্রার মোল্লা মাহফুজ আল-হোসেন, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ এনামুল করিম, কলেজ পরিদর্শক মোঃ আব্দুল হাই সিদ্দিক সরকার, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং সরকারি-বেসরকারি কলেজের অধ্যক্ষবৃন্দ ও অন্যান্য একাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

বার্তা প্রেরক

মোঃ মোস্তাফিজুর রহমান
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়